# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**27-05-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্টে, এসআইআর-এর আইনি বৈধতাকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের একগুচ্ছ মামলার আজ রায় ঘোষণা।

২) অবৈধ অনুপ্রবেশকারীদের ফেরত পাঠাতে নির্দিষ্ট আইন রাজ্যে কঠোরভাবে কার্যকর হচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ফের জানিয়েছেন।

৩) পশ্চিমবঙ্গে জনগণনা প্রক্রিয়ার অঙ্গ হিসেবে রাজ্য সরকার সেন্সাস অফিসার নিয়োগ করেছে।

৪) সরকারি চাকরির ক্ষেত্রে ৭ শতাংশ ওবিসি সংরক্ষণ সংক্রান্ত নতুন বিজ্ঞপ্তি জারি করেছে রাজ্য সরকার।

৫) রাজ্যে অন্নপূর্ণা ভান্ডার প্রকল্পের মাধ্যমে অর্থ প্রদানের জন্য সরকারি প্রক্রিয়া আজ শুরু হচ্ছে। আবেদনকারীদের জন্য প্রকাশ করা হবে নির্দিষ্ট ফর্ম।

৬) দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ বৃষ্টির সম্ভাবনা। মৎস্যজীবীদের আগামী দুদিন সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

---

সুপ্রিম কোর্ট, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-এসআইআর-এর আইনি বৈধতাকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের একগুচ্ছ মামলার আজ রায় ঘোষণা করবে।

প্রধান বিচারপতি সূর্য কান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ এবিষয়ে দীর্ঘ শুনানির পর রায়দান স্থগিত রেখেছিলেন।

১৯৫০ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ৩২৬ ধারায় নির্বাচন কমিশনকে যে ক্ষমতা দেওয়া হয়েছে, এসআইআর প্রক্রিয়ায় তা লঙ্ঘিত হয়েছে বলে আবেদনকারীদের তরফে অভিযোগ করা হয়।

নির্বাচন কমিশন, ভোটার তালিকা থেকে অনুপ্রবেশকারী, মৃত, স্থানান্তরিত ভোটারদের বাদ দেওয়ার লক্ষ্যে এসআইআর-এর বিজ্ঞপ্তি জারি করে। আবেদনকারীদের দাবি ছিল, যে পদ্ধতিতে এসআইএর-এর কাজ হচ্ছে, তাতে একাধিক বৈধ ভোটার তালিকা থেকে বাদ পড়তে পারে। প্রাথমিকভাবে নির্বাচন কমিশন তথ্য যাচাইয়ের জন্য আধার ছাড়া ১১ টি নথি জমা দেওয়া যাবে বলে জানিয়েছিল। যদিও পরবর্তী সময়ে শীর্ষ আদালত অতিরিক্ত নথি হিসাবে আধার কার্ডকে অন্তর্ভুক্ত করার নির্দেশ দেয়।

বিহারে ভোটার তালিকা পরিমার্জনের কাজ চলাকালীন গত বছরের জুনে এসআইআর-এর বিরোধিতায় একাধিক মামলা দায়ের হয়। পরবর্তীকালে পশ্চিমবঙ্গ, কেরালা, তামিলনাড়ু থেকেও একাধিক পিটিশন দাখিল করা হয়।

---------------

অবৈধ অনুপ্রবেশকারীদের ফেরত পাঠাতে নির্দিষ্ট আইন রাজ্যে কঠোরভাবে কার্যকর হচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ফের জানিয়েছেন। উত্তর ২৪ পরগণার স্বরূপনগরের হাকিমপুর সীমান্তে বাংলাদেশে ফেরার জন্য শতাধিক মানুষের ভিড় জমানো প্রসঙ্গে গতকাল সাংবাদিকদের তিনি বলেন, ডিক্টেট, ডিলিট এবং ডিপোর্ট এই নীতিতে অনুপ্রবেশ রুখতে সরকার কাজ করছে। অনেক আগে থেকেই এই আইন চালু থাকলেও পূর্বতন রাজ্য সরকার ভোট ব্যাঙ্কের স্বার্থে তা কাজে লাগায়নি। তাই রাজ্যে নব নির্বাচিত বিজেপি সরকার দেশ তথা রাজ্যবাসীর স্বার্থে এই সংক্রান্ত আইন কার্যকর করছে।

বাইট

---------------

পশ্চিমবঙ্গে জনগণনা প্রক্রিয়ার অঙ্গ হিসেবে রাজ্য সরকার সেন্সাস অফিসার নিয়োগ করেছে। রাজ্যের স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দফতরের সেনসাস সেলের তরফে

প্রকাশিত দুই পৃথক বিজ্ঞপ্তিতে জেলা থেকে পুরসভা স্তর পর্যন্ত একাধিক আধিকারিককে জনগণনার দায়িত্ব দেওয়া হয়েছে।

বিজ্ঞপ্তি অনুযায়ী, ডিভিশনাল কমিশনারদের "ডিভিশনাল সেনসাস অফিসার", জেলাশাসকদের "প্রিন্সিপাল সেনসাস অফিসার" এবং বিডিওদের "চার্জ সেনসাস অফিসার" হিসেবে নিয়োগ করা হয়েছে। পাশাপাশি জনগণনার কাজে যুক্ত করা হয়েছে অতিরিক্ত জেলাশাসক, মহকুমাশাসক এবং অন্যান্য প্রশাসনিক আধিকারিকদেরও।

অন্য একটি বিজ্ঞপ্তিতে পুরসভা ও কর্পোরেশন স্তরেও সেনসাস অফিসার নিয়োগের কথা জানানো হয়েছে। সেখানে পুর কমিশনার, এক্সিকিউটিভ অফিসার, বোরো অফিসারদের বিভিন্ন স্তরে নিয়োগ করা হয়েছে।

জনগণনার কাজে বাধা দিলে বা নির্ধারিত দায়িত্ব পালন না করলে ১৯৪৮-এর জনগণনা আইন অনুযায়ী এক হাজার টাকা পর্যন্ত জরিমানা অথবা তিন বছর পর্যন্ত কারাদন্ডের বিধান রয়েছে।

---------------

পশ্চিমবঙ্গে জনগণনার কাজ সুচারুভাবে সম্পন্ন করতে রাজ্য সরকারের উদ্যোগে একটি সম্মেলনের আয়োজন করা হচ্ছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামী ২৯ মে নবান্ন সভাঘরে 'প্রিন্সিপাল সেন্সাস অফিসার্স' কনফারেন্সের উদ্বোধন করবেন। নবান্ন

সূত্রে খবর, জনগণনা প্রক্রিয়ার কাজ দ্রুতগতিতে এগিয়ে নিয়ে যেতে জেলা প্রশাসন, পুরসভা এবং বিভিন্ন দফতরের মধ্যে সমন্বয় বাড়ানোর উপর জোর দেওয়া হচ্ছে। বাড়ি তালিকাকরণ, প্রশাসনিক সীমানা আপডেট, তথ্য সংগ্রহের জন্য কর্মী প্রস্তুতি এবং ডিজিটাল পরিকাঠামো তৈরির কাজও শুরু হতে পারে খুব শীঘ্রই।

পূর্বতন তৃণমূল সরকার রাজনৈতিক কারণে জনগণনা প্রক্রিয়া আটকে রেখেছিল বলে এর আগে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। তাঁর দাবি, এর ফলে মহিলা সংরক্ষণ কার্যকর হওয়ার পথও বিলম্বিত হয়েছে।

--------------

অনুপ্রবেশ এবং অন্যান্য কারণে দেশজুড়ে জনবিন্যাস পরিবর্তনের প্রভাব পর্যালোচনায় কেন্দ্রীয় সরকার উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠন করেছে। সামাজিক মাধ্যমে এক পোস্টে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ বলেছেন, এই কমিটির চেয়ারম্যান হবেন, সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি প্রকাশ প্রভাবকর নাওলেকর। জনগণনা কমিশনারের পাশাপাশি প্রাক্তন আইএএস আধিকারিক দুর্গা শঙ্কর মিশ্র, প্রাক্তন আইপিএস (IPS) আধিকারিক বালাজি শ্রীবাস্তব এবং অর্থনীতিবিদ ড. শমিকা রবিকে এই কমিটির সদস্য হিসেবে নিয়োগ করা হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্ম সচিব এই কমিটিতে সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

শ্রী শাহ বলেছেন, জনবিন্যাসের পরিবর্তন দেশের বর্তমান ও ভবিষ্যতের জন্য অত্যন্ত গুরুতর বিষয়। এটি দেশের সার্বভৌমত্ব, জাতীয় নিরাপত্তা, আইন-শৃঙ্খলা পরিস্থিতি, সামাজিক পরিকাঠামো, আদিবাসী সমাজের সুরক্ষার মতো বিষয়গুলোর সঙ্গেও ওতপ্রোতভাবে জড়িত।

---------------

সরকারি চাকরির ক্ষেত্রে ওবিসি সংরক্ষণ সংক্রান্ত পুরনো বিজ্ঞপ্তি বাতিল করে নতুন বিজ্ঞপ্তি জারি করেছে রাজ্য সরকার। শ্রম দপ্তরের তরফে জারি করা ঐ বিজ্ঞপ্তিতে সরকারি চাকরির ক্ষেত্রে ওবিসিদের জন্য ৭ শতাংশ সংরক্ষণের কথা বলা হয়েছে। পাশাপাশি রাজ্য সরকারের চাকরিতে নতুন ১০০ পয়েন্ট রোস্টার প্রকাশ করা হয়েছে।

তফসিলি জাতি, উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণি, অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণি, প্রাক্তন সেনাকর্মী ও বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের জন্য সংরক্ষণের বিস্তারিত নিয়ম জানানো হয়েছে। গ্রুপ 'সি' ও 'ডি' পদে প্রাক্তন সেনাকর্মীদের জন্য রাখা হয়েছে আলাদা সংরক্ষণ।

সরকারি দপ্তর, সংস্থা, স্থানীয় সংস্থা ও সরকারের আওতাধীন নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানে এই নতুন রোস্টার কার্যকর হবে।

---------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় ' তীব্র গরমে সুস্থ থাকুন আয়ুর্বেদ উপাচারে আয়ুর্বেদে'। আয়ুর্বেদ বিশেষজ্ঞ এবং অখিল ভারতীয় আয়ুর্বেদ মহাসম্মেলনের রাজ্য সভাপতি ডাঃ সুমিত সুরের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আজ শুনবেন প্রথম পর্ব ।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

---------------

রাজ্যে অন্নপূর্ণা ভান্ডার প্রকল্পের মাধ্যমে অর্থ প্রদানের জন্য সরকারি প্রক্রিয়া আজ শুরু হচ্ছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন, নবান্ন থেকে আজ তিনি এবং নারী, শিশু বিকাশ ও সমাজ কল্যাণ মন্ত্রী অগ্নিমিত্রা পাল আনুষ্ঠানিকভাবে সেই ফর্ম প্রকাশ করবেন। অফলাইনের পাশাপাশি অনলাইনেও পূরণ করা যাবে ফর্ম। যত দিন না অন্নপূর্ণা যোজনার মাধ্যমে টাকা দেওয়া শুরু হচ্ছে, তত দিন পর্যন্ত উপভোক্তারা ‘লক্ষ্মীর ভান্ডার’-এর টাকা নিয়ম মেনেই পাবেন বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

(বাইট – অন্নপূর্ণা)

নদীয়ার কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এপিজে আব্দুল কালাম প্রেক্ষাগৃহে গতকাল উত্তর ২৪ পরগনা, নদিয়া ও হুগলি জেলার প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন তিনি। পরে সাংবাদিকদের তিনি বলেন, কেন্দ্রের ‘এক পেড় মা কে নাম’ উদ্যোগের সঙ্গে সামঞ্জস্য রেখে ৫ ই জুন বিশ্ব পরিবেশ দিবসে রাজ্যের প্রতিটি ব্লক এবং পুরসভায়

মায়ের নামে গাছ লাগানোর কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বন ও পরিবেশ দফতর প্রত্যেক বিধায়ককে এলাকায় বিতরণ করার জন্য গাছ দেবে। কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা অনুযায়ী রাজ্যে ১৫, ১৬ এবং ১৭ই জুন জনকল্যাণ শিবির হবে। সেখানে কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প বিষয়ে মানুষকে অবহিত করা হবে।

মুখ্যমন্ত্রী জানান, ২১ জুন বিশ্ব যোগা দিবস এবার উৎসবের আবহে পালন করা হবে এবং দু-দিন আগে থেকেই মহড়া শুরু হবে। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ‘আয়ুষ দফতরকে স্বাস্থ্য দফতর থেকে আলাদা করার ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

আগামী সপ্তাহ থেকে ‘আপনার সরকারকে বলুন’- নামে একটি নতুন কর্মসূচী চালু হচ্ছে। এসংক্রান্ত বিস্তারিত তথ্য পরে জানানো হবে বলে শ্রী অধিকারী জানিয়েছেন। তিনি বলেন, এই পরিষেবার নাম রাজ্যসভার সাংসদ তথা বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য স্থির করেছেন।

--------------

বিভিন্ন পুরসভায় তৃণমূল কংগ্রেস কাউন্সিলাররা একযোগে যেভাবে পদত্যাগ করছেন, পুরমন্ত্রী অগ্নিমিত্রা পাল তার সমালোচনা করেছেন। কল্যাণীতে গতকাল সাংবাদিকদের তিনি বলেন, গত ১৫ বছর ধরে কাউন্সিলররা নিজেদের আখের গুছিয়েছেন। বর্তমানে সরকার বদলের ফলে আর সেই সুযোগ না থাকায় পদত্যাগের

সিদ্ধান্ত নিচ্ছেন তারা। তবে এই পদক্ষেপ, তাদের দায়িত্বজ্ঞানহীনতা এবং স্বার্থপরতারই বহিঃপ্রকাশ। এর ফলে কাজের ক্ষেত্রে কিছুটা অসুবিধা হলেও পুরসভাগুলিতে প্রশাসক নিয়োগ করে সমস্যা সমাধানের চেষ্টা চলছে বলে তিনি জানান।

বাইট

---------------

সল্টলেকের দত্তবাদে স্বর্ণব্যবসায়ী স্বপন কামিল্যার খুনের মামলার নথি আদালতে জমা না পড়ায়, পুলিশের হাতে ধরা পড়েও জামিন পেয়েছেন রাজগঞ্জের প্রাক্তন বিডিও, অভিযুক্ত প্রশান্ত বর্মন। ওই মামলার তদন্তকারী আধিকারিকও আদালতে হাজির হননি বলে খবর। শেষ পর্যন্ত সড়ক দুর্ঘটনা মামলায় এক হাজার টাকার বন্ডে জামিন মঞ্জুর হয় তাঁর।

বেপরোয়াভাবে গাড়ি চালানো এবং পথচারীকে ধাক্কা মারার অভিযোগে গত সোমবার নিউটাউনের ইকো পার্ক থানা এলাকা থেকে প্রশান্তকে গ্রেপ্তার করে পুলিশ। গতকাল তাকে বারাসাত ACJM আদালতে তোলা হলে বিচারক স্বপন কামিল্যার খুনের মামলার নথি চান। সন্ধে পর্যন্ত অপেক্ষা করার পরেও নথি  বা পুলিশের তরফে তাঁকে হেফাজতে নেওয়ার, আবেদন জমা না পড়ায় পথ সুরক্ষা বিধিভঙ্গের মামলায় তার জামিন মঞ্জুর করে আদালত।

উল্লেখ্য, গত বছরের ২৯ অক্টোবর নিউটাউন থানার যাত্রাগাছির খালধার থেকে স্বপন কামিল্যার দেহ উদ্ধার হয়। তাঁকে অপহরণ করে খুনের অভিযোগ ওঠে প্রশান্তর বিরুদ্ধে।

---------------

তৃণমূল কংগ্রেস নেতা ফলতার প্রাক্তন বিধায়ক জাহাঙ্গীর খানের অন্তর্বর্তীকালীন সুরক্ষাকবচ প্রত্যাহার করে নিয়েছে কলকাতা হাইকোর্ট। ফলতা বিধানসভার পুনর্নির্বাচনের কথা বিবেচনা করে দুটি পৃথক মামলায় ২০১৯ সালে দায়ের করা একটি মামলায় ২৬-শে মে পর্যন্ত রক্ষাকবচ পেয়েছিলেন জাহাঙ্গীর। নির্বাচনে তৃণমূল কংগ্রেসের হয়ে জাহাঙ্গীর প্রতিদ্বন্দ্বিতার আসরে থাকায়, বিচারপতি সৌগত ভট্টাচার্য এই নির্দেশ দিয়েছিলেন।

কলকাতা হাইকোর্টের বিচারপতি পার্থ সারথী সেনের অবকাশকালীন বেঞ্চ আজ এসংক্রান্ত মামলায় নতুন করে রক্ষাকবচের মেয়াদ বাড়ায়নি।

---------------

সরকারি কাজের ক্ষেত্রে পুলিশকে উর্দি পড়েই দায়িত্ব পালন করতে হবে বলে কলকাতা পুলিশ কমিশনারের দপ্তরের তরফে নির্দেশিকা জারি করা হয়েছে। এতে বলা হয়েছে তল্লাশি অভিযান বা কাউকে গ্রেফতার বা কোনও সরকারি কাজে গেলে সাধারণ

পোশাকে নয়, পুলিশের উর্দি পরে যাওয়াই বাধ্যতামূলক। তবে বিশেষ প্রয়োজনে সাধারণ পোশাকে যেতে হলে আগে থেকে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমিত নিতে হবে। যদিও পুলিশের স্পেশাল ব্রাঞ্চ, এনফোর্সমেন্ট ব্রাঞ্চ, গোয়েন্দা বিভাগ, স্পেশাল টাস্ক ফোর্স, সাইবার ইউনিটের পুলিশকর্মীরা এই নির্দেশিকার আওতায় পড়বেন না বলে জানানো হয়েছে।

---------------

ঈদ-উল-আজহা উপলক্ষ্যে আগামীকাল মেট্রো রেল, ব্লু লাইনে ২৬০ টির পরিবর্তে ২৪৬ টি ট্রেন চালাবে। ইয়েলো লাইনে ১২০ টির পরিবর্তে ৯২ এবং গ্রিন লাইনে ২২৮ টির পরিবর্তে ২০৪ টি পরিষেবা দেওয়া হবে। সবক্ষেত্রেই প্রথম এবং শেষ পরিষেবার সময় সূচি অপরিবর্তিত থাকছে। তবে পার্পেল ও অরেঞ্জ লাইনে ট্রেন পরিষেবার কোনো পরিবর্তন হচ্ছে না।

---------------

অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ বৃষ্টির সম্ভাবনা। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও বৃষ্টি হতে পারে। বীরভূম, নদিয়া, মুর্শিদাবাদ, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলায় আজ ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির কমলা সর্তকতা

রয়েছে। তবে বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আদ্র ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। যদিও তাপমাত্রা ২ থেকে তিন ডিগ্রি কমার সম্ভাবনা।

আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৯ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ২ দশমিক দুই ডিগ্রি বেশি। আগামী দুদিন ঝোড়ো হওয়ার সম্ভাবনা থাকায় মৎস্যজীবীদের রাজ্য ও সংলগ্ন উত্তর ওড়িশা উপকূলের দিকে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে, উত্তর ও দক্ষিণ দিনাজপুর, মালদা এবং কোচবিহার জেলায় আজ দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা।

নদীয়ায় সকাল থেকেই ঝোড়া হাওয়ার সঙ্গে বৃষ্টি শুরু হয়েছে।

-------------- --------------